# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭১

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - নাপাক ব্যক্তির সাথে মেলামেশা

আরবী

وَعَن الحكم بن عَمْرو قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَتَوَضَّأَ الرَّجُلُ بِفَضْلِ طَهُورِ الْمَرْأَةِ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهْ وَالتِّرْمِذِيُّ: وَزَادَ: أَوْ قَالَ: بِسُؤْرِهَا. وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيح

বাংলা

৪৭১-[২১] হাকাম ইবনু ’আমর (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের উযূর (বা গোসলের পর) অবশিষ্ট পানি দিয়ে উযূ (ওয়ু/ওজু/অজু) করতে পুরুষদেরকে নিষেধ করেছেন। (আবূ দাঊদ, ইবনু মাজাহ্ ও তিরমিযী)[1]

আর ইমাম তিরমিযী (রহঃ) এ শব্দগুলো বেশী ব্যবহার করেছেন যে, রাবী সন্দেহ প্রকাশ করেছেন, ’’তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নিষেধ করেছেন যে, মহিলাদের উযূর অবশিষ্ট পানি দিয়ে।’’ তিনি আরো বলেছেন, এ হাদীসটি হাসান সহীহ।

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৮২, ইবনু মাজাহ্ ৩৭৩, তিরমিযী ৬৪, ইরওয়া ১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে নারীর অবশিষ্ট পানি দ্বারা পুরুষকে উযূ (ওয়ু/ওজু/অজু) না করার প্রতি উৎসাহ দেয়া হয়েছে। কেননা, এ অধ্যায়ের দ্বিতীয় অনুচ্ছেদে ইবনু ‘আব্বাস (রাঃ)-এর হাদীস এবং আরো অন্যান্য হাদীস দ্বারা মহিলার উযূ (ওয়ু/ওজু/অজু) বা গোসলের অবশিষ্ট পানি দ্বারা পুরুষের উযূ (ওয়ু/ওজু/অজু) বা গোসলের বৈধতার প্রমাণ সুস্পষ্ট।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55030

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন